

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০০৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الإخْتِصَارُ فِي الصَّلَاةِ رَاحَةُ أَهْلِ النَّارِ» . رَوَاهُ فِي شرح السّنة

বাংলা

১০০৩-[২৬] ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ সালাতে কোমরে হাত বেঁধে দাঁড়ানো জাহান্নামীদের বিশ্রাম স্বরূপ। (শারহুস্ সুন্নাহ্)[1]

ফুটনোট

[1] দুর্বল : ইবনু খুযায়মাহ্ ৯০৯, ইবনু হিবান ২২৮৬, য'ঈফ আল জামি' ২২৭৩, য'ঈফ আত্ তারগীব ২৯৭। হাদীসটি মুনকার, কারণ 'আবদুল্লাহ বিন আল আযুর এর হিশাম বিন হিসান থেকে বর্ণিত হাদীসগুলো মুনকার যেমনটি ইমাম যাহাবী (রহঃ) তার "মীযান"-এ উল্লেখ করেছেন। আর এ হাদীসটি সেগুলোর অন্তর্গত।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَاحَةُ أَهْلِ النَّارِ) "জাহান্নমীদের বিশ্রাম" কাষী 'আয়ায (রহঃ) বলেনঃ জাহান্নামীগণ কিয়ামাতের (কিয়ামতের) ময়দানে দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকার ফলে ক্লান্ত হয়ে পরবে। তাই তারা কোমরে হাত রেখে আরাম বা বিশ্রাম করার চেষ্টা করবে। এটাও বলা হয়ে থাকে যে, এর অর্থ হলো এটা ইয়াহুদ ও নাসারাদের কাজ। সালাতে তারা এরূপ করে থাকে। জাহান্নামী বলতে এখানে তাদেরকেই বুঝানো হয়েছে। আর এটাই তাদের পরিণতি অর্থাৎ জাহান্নাম। আর জাহান্নামে জাহান্নামীদের কোন আরাম বা বিশ্রাম নেই। আল্লাহ তা'আলা বলেনঃ "তাদের ওপর থেকে 'আযাব কম করা হবে না।" (সূরাহ্ আয্ যুখরুফ ৪৩ : ৭৫)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55562}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন